

**খণ্ড 27**

Dekalb County School District পরিবারকে শুভেচ্ছা,

যে সকল শিক্ষার্থী স্কুলে এসে ক্লাস করার সিদ্ধান্ত নিয়েছে আমি আনন্দের সঙ্গে তাদের স্বাগত জানাচ্ছি! কোভিড-19 এর বৈশ্বিক মহামারীর কারণে গত বছর আমরা কঠিন পরিস্থিতির মধ্যে দিয়ে গেছি। আমাদের কমিউনিটি ও দেশের ক্ষতি হয়েছে। তবে, আমরা এই অন্ধকার থেকে বের হওয়ার খুব কাছে এসে গেছি। আমি আশাবাদী যে আমরা আগের থেকে অনেক শক্তিশালী হয়েছি।

যদিও আমি 9 মার্চ নিয়ে উচ্ছসিত, এই দিনে আমরা স্কুলে আমাদের শিক্ষার্থীদের নিরাপদে অভ্যর্থনা জানাব। এই দিনের আগে, আমাদের শিক্ষার্থীরা হাইব্রিড লার্নিং পর্যায়ে যাতে সফল হয় তার জন্য প্রচুর পরিশ্রম করব।

**প্রশমন কৌশল**

আমাদের শিক্ষার্থী, শিক্ষক এবং কর্মীদের নিরাপত্তা ও সুস্থতা আমাদের কাছে সবথেকে গুরুত্বপূর্ণ। যেহেতু স্কুলে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মীরা আসবেন তাই সকলের সুরক্ষা নিশ্চিত করতে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) দ্বারা সুপারিশকৃত প্রশমন কৌশল প্রয়োগ করা হবে। সংক্রমণ ছড়িয়ে পরার ঝুঁকি কমাতে ডিস্ট্রিক্ট যে সব কৌশল বাস্তবায়িত করছে:

- সর্বদা মাস্ক পরে থাকা
- শারীরিক দূরত্ব
- আপনার হাত ধুয়ে নিন
- পরিষ্কার ও জীবাণুমুক্ত করা
- কন্ট্যাক্ট ট্রেসিং
- ভেন্টিলেসন বিল্ডিং

কীভাবে আমরা DeKalb County School District নিরাপদ রাখছি, সেই সম্পর্কে আরো তথ্যের জন্য [এখানে](#) ক্লিক করুন। বাস রুট দেখতে, [এখানে](#) ক্লিক করুন।

**কোভিড-19 টিকা**

কর্মীদের জন্য যাতে পর্যাপ্ত কোভিড-19 টিকা উপলভ্য থাকে তার কৌশল বাস্তবায়নের জন্য DCSD DeKalb স্বাস্থ্য পর্ষদের (Board of Health) সঙ্গে একত্রিত হয়ে কাজ করছে।

পরের সপ্তাহে আরো তথ্য দেয়া হবে। কর্মীদেরকে তাদের প্রাথমিক স্বাস্থ্য প্রদানকারীদের কাছে টিকা পাওয়া যাচ্ছে কিনা তা দেখতে বলা হচ্ছে।

### অভিনন্দন

গত সপ্তাহে DCSD-এর সুখবর ছড়িয়েছে! 2021 ইউনাইটেড স্টেটস সেনেট ইয়ুথ প্রোগ্রামে (United States Senate Youth Program, USSYP) জর্জিয়ার দূত হিসেবে নির্বাচিত আমি Lithonia High School সিনিয়র [Zae Brewer](#)-কে অভিনন্দন জানাতে চাই। সে 104-শিক্ষার্থীর দূতের সঙ্গে যোগ দেবেন এবং তার স্নাতক শিক্ষার জন্য \$10,000 কলেজ স্কলারশিপ পাবে। আমরা Zae-কে নিয়ে গর্বিত এবং আমরা জানি যে সে Lithonia High এবং DCSD-এর হয়ে ভালো করে প্রতিনিধিত্ব করবে!

আমি 11 হাইস্কুলকেও অভিনন্দন জানাতে চাই যাদের নাম 2021-এর [Advanced Placement \(AP\) Honor Schools](#)-এ এসেছে! AP ক্লাস আমাদের শিক্ষার্থীদেরকে হাই স্কুলে থাকাকালীন কলেজ স্তরের বিষয়বস্তু শেখার এবং কলেজ বোর্ড কর্তৃক পরিচালিত AP পরীক্ষা দেয়ার সুযোগ দেয়। এইসব স্কুলের শিক্ষক, কর্মী ও শিক্ষার্থীদের অভিনন্দন: Arabia Mountain High School, Chamblee Charter High School, Clarkston High School, Cross Keys High School, DeKalb Early College Academy, DeKalb School of the Arts, Druid Hills High School, Dunwoody High School, Lakeside High School, Southwest DeKalb High School এবং Tucker High School!

### বোর্ডের কৃতজ্ঞতা সপ্তাহ

DCSD 15-19 মার্চ জর্জিয়া স্কুল বোর্ডের কৃতজ্ঞতা সপ্তাহ পালন করার জন্য মার্চ মাসে স্টেটের অন্যান্য স্কুল ডিস্ট্রিক্টের সঙ্গে যোগ দেবে। আমরা আমাদের স্কুল বোর্ডের সদস্যদের ডিস্ট্রিক্টের শিক্ষার্থী, কর্মী, পিতামাতা এবং অন্যান্য স্টেকহোল্ডারদের প্রতি প্রতিশ্রুতিবদ্ধতার জন্য সম্মান জানাই।

কথোপকথন চালিয়ে যাওয়া এবং আমাদের শিক্ষার্থীদের উন্নতির জন্য কঠিন সিদ্ধান্ত নেয়ার সাহস দেখানোর জন্য আমরা শিক্ষা পর্ষদের সদস্যদের ধন্যবাদ জানাই। আমরা তাদের সিদ্ধান্ত নেয়া এবং চ্যাম্পিয়ন করতে এবং সমস্ত শিক্ষার্থীর জন্য মানসম্মত শিক্ষার পক্ষে অবদান রাখার জন্য তাদের ধন্যবাদ জানাই।

### March Mindfulness

DCSD গত সপ্তাহ থেকে কর্মীদের জন্য সফলভাবে "March Mindfulness" চালু করেছে। এই গুরুত্বপূর্ণ উদ্যোগে কর্মীরা এই 30 মিনিটের সেশনে অংশ নেন যেখানে মানসিক চাপ নিয়ন্ত্রণ করা, মন প্রশান্তি রাখা এবং চাপ সনাক্ত করার প্রমাণ ভিত্তিক সরঞ্জামের উপর জোর দেয়া হবে। প্রথম সেশন সম্পর্কে আমরা আমাদের কয়েকজন কর্মীর কাছ থেকে ইতিবাচক প্রতিক্রিয়া পেয়েছি এবং আমরা সমস্ত কর্মীদের একটি সেশনে অংশ নিতে উত্সাহিত করেছি, যা Moment of Mindfulness প্রতিষ্ঠাতা Mr. Curtis Smith প্রদান করেছেন।

আমি আমাদের শিক্ষার্থী, শিক্ষক ও কর্মীদের আরো সফলতার কাহিনীর অপেক্ষায় রইলাম!

বিনীত,

Mrs. Cheryl Watson-Harris